


নং- ৫০৪

তারিখ ৪ ১৪/০৭/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

উপবৃত্তির জন্য আবেদন কৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এক শ্রেণির প্রত্যেক চক্র উপবৃত্তি প্রাপ্তির কথা বলে মোবাইল নম্বর ও পিন নম্বরের তথ্য শিক্ষার্থী/অভিভাবক হতে জেনে নিয়ে একাউন্ট হতে অর্থ হাতিয়ে নিচ্ছে। তাই উপবৃত্তি জনিত কোন ফোন আসলে বিকাশ নম্বর, পিন নম্বর বা কোন প্রকার তথ্য না দেওয়ার জন্য বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে।


বিষয়টি অতীব জরুরী



প্রফেসর মোঃ আলাউদ্দিন আল-আজাদ

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

শ্রী/মহাজাতি
১৯/১০/১৪



স্মারক নম্বর: ০৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ২৩০

তারিখ: ০৯-০৭-২০২৪ খ্রিস্টাব্দ

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিস্থিতিতে ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, ও এইচএসসি) ও উপবৃত্তির (শেখানুলক ও তফসিলী) অর্থ জিটুপি পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান (সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ব্লক ও সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি করা হয়।

MIS-এ প্রতিষ্ঠান হতে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/সংশোধন সম্পাদনের পর সফটওয়্যার হতে ডাটা সংগ্রহ, বৃত্তির গেজেটের সাথে ক্রস চেকিং, Pay Roll প্রস্তুত ও বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরাসরি শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাবে Q2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে অর্থ প্রেরণ করা হয়।

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাউশি, শিক্ষা বোর্ড ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারণক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/অভিভাবকের কাছ থেকে অর্থ, ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। উল্লেখ্য, রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য কোন অর্থ বা ডেবিট/ক্রেডিট কার্ড সংক্রান্ত তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য এবং কোনো Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক (শ্রেণি-১)

স্মারক নম্বর: ০৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ২৩০/১৮

তারিখ: ০৯-০৭-২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়/কলেজ/মার্সিং ইনস্টিটিউটকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৭. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি,....সকল)
(বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল) (বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১১. প্রোগ্রাম এনালিস্ট/এস এন্ড এন্ড-অর্ডিনেটর, BACS and iBAS++ কিম্বা SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১২. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেন্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
"[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত সেবা বৃত্তি/উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে প্রতারণক চক্র থেকে সাবধানতা সংক্রান্ত জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ]
১৫. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণ ও প্রচারের অনুরোধসহ)
১৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
(শিক্ষার্থী এবং অভিভাবকগণকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. সংরক্ষণ নথি।

০৭.০৭.২৪